দৈনিক ইত্তেফাক

তারিখ: 08 MAR 2016
পৃষ্ঠা: ২ কলাম: ৬

# এমসি কলেজে ছাত্রলীগের দুই গ্রুপের সংঘর্ষে গুলিবিদ্ধ ২

## পরিস্থিতি থমথমে, শিক্ষার্থীদের মধ্যে আতঙ্ক

■ সিলেট অফিস

সিলেটের ঐতিহ্যবাহী এমসি কলেজে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে ছাত্রলীগের দু'পক্ষের সংঘর্ষে দু'জন গুলিবিদ্ধসহ ১০ জন আহত হয়েছেন। তাদেরকে ওসমানী হাসপাতালে ভর্তি করা হয়েছে। সংঘর্ষের সময় কয়েক রাউন্ড গুলির শব্দে এলাকায় আতংক ছড়িয়ে পড়ে। দোকান পাট বন্ধ হয়ে যায়। পরিস্থিতি থমথমে। সাধারণ শিক্ষার্থীদের মধ্যে আতংক দেখা দিয়েছে।

গতকাল সোমবার বেলা ১টার দিকে জেলা ছাত্রলীগের সাবেক ভারপ্রাপ্ত সভাপতি হিরণ মাহমুদ নিপু ও বর্তমান সাধারণ সম্পাদক এম. রায়হান চৌধুরী গ্রুপের নেতাকর্মীদের মধ্যে সংঘর্ষের এ ঘটনা ঘটে। পৃষ্ঠা ১৯ কলাম ১

### এমসি কলেজে ছাত্রলীগের দুই

প্রথম পৃষ্ঠার পর

সূত্র মতে, এ দুটি গ্রুপের মধ্যে আগ থেকেই উত্তেজনা বিরাজ করছিল।

গতকাল সকাল থেকে কলেজ ক্যাম্পাসে নিপু গ্রুপের নেতাকর্মীরা অবস্থান নেয় এবং বেলা ১টার দিকে রায়হান গ্রুপের নেতাকর্মীরা সংঘবদ্ধ হয়ে ক্যাম্পাসে ঢুকলে সংঘর্ষ শুরু হয়। লাঠিসোঠা ও ধারালো অস্ত্র হাতে একে অন্যের উপর হামলে পড়ে।

এদিকে গুলিবিদ্ধ হয়ে আহত হন নিপু গ্রুপের রতন গুপ্ত ও খায়রুল ইসলাম শাহীন। তাদেরকে দ্রুত ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। পরে শাহীনকে আশংকাজনক অবস্থায় ঢাকায় প্রেরণ করা হয়েছে। সংঘর্ষে আরও ৮ জন আহত হলে তাদেরকে পরে ওসমানী হাসপাতালসহ বিভিন্ন ক্লিনিকে নিয়ে যাওয়া হয়। পরে শাহপরাণ থানা পুলিশ ক্যাম্পাসে গিয়ে কয়েক রাউন্ড ফাঁকা গুলি ছুঁড়ে তাদের ছত্রভঙ্গ করে দেয়।

নিপু গ্রুপের নেতা জেলা ছাত্রলীগের যুগ্ম সাধারণ সম্পাদক কামরুল ইসলাম জানান, জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক রায়হান চৌধুরী, সাবেক বহিষ্কৃত সভাপতি পংকজ পুরকায়স্থ, জেলা ছাত্রলীগের সহ-সভাপতি সয়েফ আহমদ ও সোলায়মান আহমদের নেতৃত্বে একদল সন্ত্রাসী ক্যাম্পাসে ঢুকে ছাত্রলীগ নেতাকর্মীদের উপর হামলা ও গুলি চালায়।

জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক এম. রায়হান চৌধুরী জানান, রবিবার পরীক্ষার প্রবেশপত্র আনতে কলেজে যান ছাত্রলীগ কর্মী বিকাশ চন্দ্র সাহা। এসময় হিরণ মাহমুদ নিপু ও তার নেতাকর্মীরা বিকাশকে মারধর করে। এ ঘটনার জের ধরে বিকাশের সহকর্মীরা আজ ক্যাম্পাসে গেলে নিপু গ্রুপের আকাশ, হোসেইন, শামীম আলী ও রাসেলের নেতৃত্বে তার অনুসারীরা গুলি ছুঁড়ে। পরে পুলিশ এসে উভয় পক্ষকে ছত্রভঙ্গ করে দেয়।

হিরণ মাহমুদ নিপু জানান, সকাল থেকে ছাত্রলীগ নেতাকর্মীরা ক্যাম্পাসে শান্তিপূর্ণভাবে অবস্থান করছিল। হঠাৎ করে রায়হান গ্রুপের নেতাকর্মীরা ক্যাম্পাসে ঢুকে গুলি করলে সংঘর্ষ শুরু হয়। রায়হান গ্রুপের ছোঁড়া গুলিতে ছাত্রলীগের রতন ও শাহীন আহত হয়েছেন বলে দাবি করেন নিপু।

সিলেট মেট্রোপলিটন পুলিশের এডিসি (সদর দক্ষিণ) জেদান আল মুসা জানান, দু'গ্রুপের সংঘর্ষে টিলাগড়ে আতংক ছড়িয়ে পড়ে। ব্যবসায়ীরা দোকান-পাট বন্ধ করে দেন। এ ঘটনায় কয়েকজন ছাত্রলীগ নেতাকর্মী আহত হয়েছেন। ঘটনাস্থলে পুলিশ মোতায়েন করা হয়েছে। তিনি জানান, পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে।